**গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল)**
(পেট্রোবাংলার একটি কোম্পানী)
এফ-১৮/এ, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, আগারগাঁও, ঢাকা-১২০৭।
www.gtcl.org.bd

সূত্র নং-২৮.১৪.০০০০.১২৮.১১.০০৩.২১.১৪ তারিখ: ২৪-০৩-২০২১

## নিয়োগ বিজ্ঞপ্তি

গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল)-এ নিম্নবর্ণিত শূন্যপদে সম্পূর্ণ অস্থায়ী ও চুক্তিভিত্তিক নিয়োগের নিমিত্ত নিম্নলিখিত শর্তাবলী পূরণ সাপেক্ষে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে:

| ক্রমিক নং | পদের নাম | পদের সংখ্যা | বেতন-স্কেল | বয়স | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|---|
| ১। | কানুনগো (সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে) | ০১ | গ্রেড-১০ টাকা ১৬০০০-৩৮৬৪০/- সর্বমোট সম্মানী ভাতা ৬৮,৬৬৯/- | অনূর্ধ্ব ৬৫ বছর | কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে ব্যাচেলর ডিগ্রি, কারিগরি শিক্ষাবোর্ডের অধীন সার্ভে ইনস্টিটিউট হতে ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং (সার্ভিয়িং টেকনোলজি) পাশ হতে হবে। কানুনগো হিসেবে অন্যূন ১৫(পনের) বছরের কাজের অভিজ্ঞতা। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান হতে কানুনগো হিসেবে অবসরপ্রাপ্তদের অগ্রাধিকার দেয়া হবে। |
| ২। | সার্ভেয়ার (সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে) | ০২ | গ্রেড-১৩ টাকা ১১০০০-২৬৫৯০/- সর্বমোট সম্মানী ভাতা ৫০,২১৪/- | অনূর্ধ্ব ৬৫ বছর | কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে সার্ভে ইন ডিপ্লোমা পাশ। সার্ভেয়ার হিসেবে অন্যূন ১৫(পনের) বছরের কাজের অভিজ্ঞতা। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান হতে সার্ভেয়ার হিসেবে অবসরপ্রাপ্তদের অগ্রাধিকার দেয়া হবে। |
| ৩। | চেইনম্যান (চুক্তিভিত্তিক) | ০৪ | গ্রেড-১৭ টাকা ৯০০০-২১৮০০/- সাকূল্য বেতন ১৬৫৫০/- | অনূর্ধ্ব ৩০ বছর | কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে ০১(এক) বছর মেয়াদী সার্ভে বা আমিনশীপ কোর্সে উত্তীর্ণ। চেইনম্যান হিসেবে অন্যূন ০১(এক) বছরের কাজের অভিজ্ঞতা। পেশাগত ক্ষেত্রে অধিক অভিজ্ঞতা সম্পন্নদের অগ্রাধিকার দেয়া হবে। |

**অন্যান্য শর্তাবলী:**

১। আগ্রহী চাকুরী প্রার্থীদের নিম্নবর্ণিত জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত এক পাতার ফরমে (কম্পিউটার টাইপ করে) আবেদন করতে হবে এবং আবেদনপত্রের সঙ্গে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মূল কপি ও ৪ (চার) কপি ৫×৫ সে.মি. সাইজের রঙিন ছবি ব্যতীত আর কোন কাগজপত্র জমা দিতে হবে না। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণের মৌখিক পরীক্ষার সময় আবেদন ফরমে বর্ণিত সকল তথ্যের সপক্ষে দলিলাদি/মূল সনদপত্র উপস্থাপন করতে হবে।

### চাকুরির আবেদন ফরম

৫×৫ সে.মি.
ছবি
(সম্প্রতি তোলা, চার কপি)

| | | | |
|---|---|---|---|
| ১. | পদের নাম: | | |
| ২. | বিজ্ঞপ্তির নম্বর: | | তারিখ: দি ন মা স ব ৎ স র |
| ৩. | প্রার্থীর নাম: | বাংলায়: | |
| | | ইংরেজিতে (বড় অক্ষরে): | |
| ৪. | জাতীয় পরিচয় নম্বর: | | (যে কোন একটি) |
| | জন্ম নিবন্ধন নম্বর: | | |
| ৫. | জন্ম তারিখ: দি ন মা স ব ৎ স র | ৬. জন্মস্থান (জেলা): | |
| ৭. | বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে প্রার্থীর বয়স: | বছর | মাস দিন |
| ৮. | মাতার নাম: | | |
| ৯. | পিতার নাম: | | |
| ১০. | ঠিকানা: | বর্তমান | স্থায়ী |
| | বাসা ও সড়ক (নাম/নম্বর): | | |
| | গ্রাম/পাড়া/মহল্লা: | | |
| | ইউনিয়ন/ওয়ার্ড: | | |
| | ডাকঘর: | | |

| | | | |
|---|---|---|---|
| | পোস্টকোড নম্বর: | | |
| | উপজেলা: | | |
| | জেলা: | | |
| ১১. | যোগাযোগ: | মোবাইল/টেলিফোন নম্বর | ই-মেইল (যদি থাকে) |
| ১২. | জাতীয়তা: | ১৩. | জেন্ডার: |
| ১৪. | ধর্ম: | ১৫. | পেশা: |

| ১৬. | শিক্ষাগত যোগ্যতা: | | | | |
|---|---|---|---|---|---|
| পরীক্ষার নাম | বিষয় | শিক্ষা প্রতিষ্ঠান | পাসের সন | বোর্ড/বিশ্ববিদ্যালয় | গ্রেড/শ্রেণি/ বিভাগ |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৭. | অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে): | | | |
| ১৮. | অভিজ্ঞতার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে): | | | |
| ১৯. | কোটা (টিক দিন): | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/ পুত্র-কন্যার পুত্র-কন্যা | | এতিম/শারীরিক প্রতিবন্ধী |
| | | ক্ষুদ্র নৃ-গোষ্ঠী | আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য | অন্যান্য (উল্লেখ করুন): |
| ২০. | চালান/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বর: | | তারিখ: | দি ন মা স ব ৎ স র |
| | ব্যাংক ও শাখার নাম: | | | |
| ২১. | বিভাগীয় প্রার্থী কিনা (টিক দিন): | হ্যাঁ | না | প্রযোজ্য নয় |

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, ওপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমাণের জন্য সকল মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।

| তারিখ: | দি | ন | মা | স | ব | ৎ | স | র | প্রার্থীর স্বাক্ষর |
|---|---|---|---|---|---|---|---|---|---|

২। আবেদনকারীর বয়স:

(ক) ক্রমিক নং ১ ও ২ এ উল্লিখিত পদে ০১-০৩-২০২১ তারিখে সর্বোচ্চ ৬৫ (পঁয়ষট্টি) বছর। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

(খ) ক্রমিক নং ৩ এ উল্লিখিত পদে ০১-০৩-২০২১ তারিখে ন্যূনতম ১৮ (আঠার) বছর এবং সর্বোচ্চ ৩০ (ত্রিশ) বছর এর মধ্যে হতে হবে। তবে, মুক্তিযোদ্ধার সন্তান ও প্রতিবন্ধীদের ক্ষেত্রে আবেদনকারী প্রার্থীর বয়স সর্বোচ্চ ৩২ (বত্রিশ) বছর। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

৩। আবেদনপত্র আগামী ১৯-০৪-২০২১ তারিখ বিকাল ৩:৩০ ঘটিকার মধ্যে “উপ-মহাব্যবস্থাপক (নিয়োগ ও প্রশিক্ষণ), গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল), এফ-১৮/এ (লেভেল-৯), শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, আগারগাঁও, ঢাকা-১২০৭” ঠিকানায় ডাকযোগে পৌঁছাতে হবে। কোন অবস্থাতেই সরাসরি আবেদনপত্র গৃহীত হবে না। নির্দিষ্ট সময়ের পরে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৪। সরকারী/আধা-সরকারী/স্বায়ত্তশাসিত সংস্থায় চাকুরীরত প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৫। প্রার্থীদের লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

৬। প্রাথমিকভাবে নির্বাচনের লক্ষ্যে সংশ্লিষ্ট প্রার্থীদেরকে নির্বাচনী পরীক্ষার তারিখ, সময় ও স্থান যথাসময়ে অবহিত করা হবে।

৭। এ নিয়োগের ক্ষেত্রে সরকারী বিধি মোতাবেক সকল প্রকার কোটা যথাযথভাবে অনুসরণ করা হবে।

৮। খামের উপর প্রার্থীর পদের নাম, নিজ জেলা এবং প্রযোজ্য ক্ষেত্রে কোটার নাম স্পষ্টাক্ষরে উল্লেখ করতে হবে।

৯। আবেদনপত্রের সঙ্গে ‘গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড’ এর অনুকূলে ১০০/- (একশত) টাকা মূল্যমানের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার সংযুক্ত করতে হবে।

১০। আবেদনপত্রের সঙ্গে প্রার্থীর সম্প্রতি তোলা ৪ (চার) কপি ৫×৫ সে.মি. সাইজের রঙিন ছবি সংযুক্ত করতে হবে।

১১। আবেদনপত্রের সঙ্গে প্রার্থীর পত্র যোগাযোগের ঠিকানা সংবলিত ১০(দশ) টাকার অব্যবহৃত ডাকটিকেটসহ ৯.৫×৪.৫ ইঞ্চি সাইজের একটি খাম সংযুক্ত করতে হবে।

১২। অসম্পূর্ণ/ভুল তথ্য সংবলিত/ ত্রুটিপূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

**১৩। জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রণীত ফরম ব্যতীত আবেদন গ্রহণযোগ্য হবে না।**

১৪। কোনো প্রার্থীর নিয়োগ লাভের পর তার প্রদত্ত কোন তথ্য মিথ্যা প্রমাণিত হলে নিয়োগ বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৫। ক্রমিক নং ১ ও ২ এ উল্লিখিত পদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগ করা হবে। ক্রমিক নং ৩ এ উল্লিখিত পদে প্রাথমিকভাবে ১ (এক) বছরের জন্য চুক্তিভিত্তিক নিয়োগ করা হবে। তবে, সন্তোষজনক চাকুরী সাপেক্ষে চাকুরির মেয়াদ নবায়নযোগ্য।

১৬। নিয়োগের বিষয়ে কোনো প্রকার সুপারিশ বা তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

১৭। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৮। কোনো কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগকারী কর্তৃপক্ষ এ নিয়োগ বিজ্ঞপ্তি আংশিক/সম্পূর্ণ পরিবর্তন/বাতিল এবং পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করে। এ নিয়োগের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৯। এ নিয়োগ বিজ্ঞপ্তিটি জিটিসিএল এর ওয়েবসাইট (www.gtcl.org.bd)-এ পাওয়া যাবে।

- কর্তৃপক্ষ